যুগান্তর

তারিখ ~~12 NOV 2016~~
11 NOV 2016

# কেরানীগঞ্জে অভিযুক্ত প্রধান শিক্ষক বহাল তবিয়তে

**কেরানীগঞ্জ (ঢাকা) প্রতিনিধি**

দরিদ্র ছাত্রীদের উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ প্রমাণিত হওয়ার পরও বহাল
তবিয়তে রয়েছেন কেরানীগঞ্জের আয়মনা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক
বিজয় কৃষ্ণ বেপারি। চলতি বছরের জানুয়ারি-জুন মেয়াদে ২৪/২৫ জন ছাত্রীর উপবৃত্তির
টাকা আত্মসাতের অভিযোগ উঠে ওই শিক্ষকের বিরুদ্ধে। এ ঘটনায় ২৭ আগস্ট টাকা ফেরত
ও প্রধান শিক্ষকের শাস্তি দাবিতে উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে আবেদন ভুক্তভোগী ১৬
জন ছাত্রী। যুগান্তরে এ বিষয়ে একটি প্রতিবেদনও প্রকাশিত হয়। ওই প্রতিবেদনের সূত্র ধরে
উপজেলা নির্বাহী কর্মকর্তার নির্দেশে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা উপবৃত্তির টাকা
আত্মসাতের ঘটনাটি তদন্ত করেন। তদন্তে প্রধান শিক্ষকের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের
প্রমাণ পাওয়া যায় এবং এ বিষয়ে ৯৩ পৃষ্ঠার বিস্তারিত প্রতিবেদন তিনি ইউএনও বরাবর
দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নীলুফার জাহান উল্লেখ করেন,
'বিদ্যালয়ের ২০১৬ সালের প্রথম কিস্তিতে (জানুয়ারি-জুন) উপবৃত্তি বিতরণে বারো হাজার
দুইশ' নব্বই টাকা অনিয়ম হয়েছে। এ জন্য প্রধান শিক্ষক প্রধানত দায়ী। প্রধান শিক্ষককে
সরকারের নির্ধারিত কোডে উক্ত টাকা চালানের মাধ্যমে সরকারি কোষাগারে ফেরত দেয়ার
জন্য বলা যেতে পারে। অনিয়মের বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের গোচরে এনে পরবর্তী ব্যবস্থা
গ্রহণের জন্য অনুরোধ করা যেতে পারে।' চিঠিতে ইউএনও উল্লেখ করেন, 'আয়মনা খাতুন
উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিজয় কৃষ্ণ বেপারির বিরুদ্ধে উপবৃত্তির টাকা আত্মসাতের
বিষয়ে তদন্ত প্রতিবেদন প্রদানের জন্য মাধ্যমিক শিক্ষা অফিসারকে বলা হলে তিনি বিষয়টি
তদন্ত করেন। তদন্ত প্রতিবেদনে দেখা যায়, উপবৃত্তির টাকা আত্মসাতের জন্য প্রধান শিক্ষক
দায়ী মর্মে প্রতীয়মান হয়েছে।' এ বিষয়ে জানতে চাইলে কেরানীগঞ্জ উপজেলা নির্বাহী
কর্মকর্তা আবুল বাশার মোহাম্মদ ফখরুজ্জামান বলেন, তদন্ত প্রতিবেদন পাওয়ার পর
প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্টদের চিঠি দেয়া হয়েছে। তারা কেন এখনো ব্যবস্থা
নিচ্ছেন না তা আমি বলতে পারব না।